

একই নম্বর তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০২.১৭-১৭৩৩

তারিখঃ ২৫ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
১০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

অফিস আদেশ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের বিভাগীয় মামলা ও শৃংখলামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নবর্ণিত ০৩ (তিন) টি নতুন শাখা গঠন করা হলঃ

- | | | | |
|----|---------------------------------|---|-----------------|
| ১। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | - | (শৃংখলা-১ শাখা) |
| ২। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | - | (শৃংখলা-২ শাখা) |
| ৩। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | - | (শৃংখলা-৩ শাখা) |

কার্যপরিধিঃ

- (ক) শৃংখলা-১ শাখাঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৯ম গ্রেড থেকে তদুর্ধ্ব কর্মকর্তা এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ৯ম গ্রেড থেকে তদুর্ধ্ব কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা ও শৃংখলামূলক কার্যক্রম।
- (খ) শৃংখলা-২ শাখাঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্ট, সহকারী পরিচালক, ডেপুটি সিভিল সার্জন, সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক, উপপরিচালক, পরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও মহাপরিচালক এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের ৯ম গ্রেড থেকে তদুর্ধ্ব কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা ও শৃংখলামূলক কার্যক্রম।
- (গ) শৃংখলা-৩ শাখাঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের মেডিকেল অফিসার/সহকারী সার্জন, সহকারী ডেন্টাল সার্জন ও তদুর্ধ্ব ডেন্টাল চিকিৎসকগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা ও শৃংখলামূলক কার্যক্রম।
- (ঘ) বর্ণিত শাখাসমূহের কার্যক্রম উপসচিব শৃংখলা অধিশাখা সমন্বয় করবেন।
- ২। বর্ণিত শাখাসমূহের কাজ উপসচিব (শৃংখলা অধিশাখা) এবং অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) মাধ্যমে সচিব মহোদয়ের নিকট নথি উপস্থাপিত হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।



(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০২.১৭-

তারিখঃ ২০ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ ০৫
অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৩। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপসচিব/উপপ্রধান/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১০। মনিটরিং সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(শাহিনা খাতুন)
উপসচিব